

## 💵 দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ হজ্জ ও উমরা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

উমরাহ করতে গিয়ে পূর্বেই মহিলার মাসিক শুরু হয়ে গেলে কি করবে?

উমরাহ করতে গিয়ে পূর্বেই মহিলার মাসিক শুরু হয়ে গেলে পবিত্রতার অপেক্ষা করবে। সফর করা জরুরী হলে ইহরাম অবস্থায় থেকে সফর করে পুনরায় ফিরে এসে উমরাহ আদায় করবে। কিন্তু বহির্দেশের হলে খরচ, ভিসা ইত্যাদির ঝামেলা থেকে বাঁচতে উমরাহ করে নিতে পারবে। অর্থাৎ ভিসা শেষ হওয়ার ভয় থাকলে লজ্জাস্থানে পটি বেঁধে নিয়ে তাওয়াফ ও সাঈ করে চুলের ডগা কেটে উমরাহ সম্পন্ন করে হালাল হয়ে যাবে। যেহেতু ঐ সময় তাওয়াফ করা তাঁর জন্য জরুরী প্রয়োজন। আর অতি প্রয়োজনে ও অসুবিধার ক্ষেত্রে নিষিদ্ধ জিনিস বৈধ হয়ে যায়। ৩৪৪ (ফাতাওয়া ইবনে উষাইমীন ২/৬৪৩)তবে হজ্জের উমরাহ হলে হজ্জের কাজ সারার পর উমরাহ করে নেবে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=257

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন